প্রেসিডেন্সি কলেজ

# প্রাসঙ্গিকী

CALCUTTA

প্রতিষ্ঠাতৃ-দিবস

২০শে জানুয়ারি, ১৯৮৭

৮২৭.৬

পশ্চিমবঙ্গ সরকারী মুদ্রণ, আলিপুর
১৯৮৭

# প্রাসঙ্গিকী

## ১৯৮৭

পরিশিষ্ট ১

এক নজরে বিভিন্ন বিভাগের ফল

পরিশিষ্ট ২

বিভিন্ন বিভাগে আয়োজিত সেমিনারের বিবরণ

পরিশিষ্ট ৩

বিভিন্ন বিভাগে আগত দেশী ও বিদেশী অতিথিদের তালিকা

পরিশিষ্ট ৪

বিভিন্ন গবেষণাপ্রকল্প

পরিশিষ্ট ৫

বিভিন্ন বিভাগের অধ্যাপকদের প্রকাশিত গ্রন্থ ও গবেষণা-নিবন্ধের তালিকা

পরিশিষ্ট ৬

প্রেসিডেন্সি কলেজের সকল শ্রেণীর কর্মীর নামের তালিকা

পরিশিষ্ট ৭

পুরস্কারপ্রাপ্ত ছাত্রছাত্রীদের নামের তালিকা

পরিশিষ্ট ৮

১৯৮৬ সাল পর্যন্ত গ্রন্থাগারের বই সম্পর্কিত তথ্যসারণি

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

## ২০শে জানুয়ারি, ১৯৮৭

আজ যা প্রেসিডেন্সি কলেজ নামে পরিচিত তা আসলে হিন্দু কলেজেরই নামান্তর। হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল ১৮১৭ খ্রীষ্টাব্দের ২০এ জানুয়ারি। প্রতিষ্ঠা থেকেই দেশবাসীর অমেয় আশা ও উদ্দীপনা একে ঘিরে যেমন গড়ে উঠেছিল তেমনি ভারতবর্ষে আধুনিক শিক্ষা এবং আধুনিক মূল্যমানেরও সূচনা হয়েছিল। ১৮৫৫ খ্রীষ্টাব্দে সরকার ঘোষণা করেন যে, এর পরিচালন-ভার সরকার গ্রহণ করবেন, সর্বসম্প্রদায়ের জন্য এর দ্বার উন্মুক্ত রাখা হবে এবং এ কলেজের নাম হবে প্রেসিডেন্সি কলেজ। নতুন নাম ও রূপ নিয়ে প্রেসিডেন্সি কলেজ সেই মূল্যমানের ধারাকেই অব্যাহত গতিতে এগিয়ে নিয়ে গেছে। তার নামান্তরগ্রহণ ও উদার সর্বজনীনরূপ পরিগ্রহণে পৃথক্ প্রতিষ্ঠান সৃষ্টি হয় নি। পুরাণে এক চিরায়ু ফিনিক্স পাখির কথা বলা হয়। সে আত্ম-অবলোপের মধ্য দিয়েই যেমন নতুন কলেবর লাভ করে তেমনি প্রেসিডেন্সি কলেজের মধ্য দিয়ে হিন্দু কলেজেই পুনরুজ্জীবিত রূপ লাভ করল। তাই ১৮১৭ সালের ২০এ জানুয়ারিই এই মহাবিদ্যালয়ের প্রকৃত জন্মতারিখ।

প্রতিষ্ঠার দিন থেকে ১৭০ বছর কেটে গেল। কালের এই পথপরিক্রমা সর্বদাই যে বাধাহীন তা নয়। এর যাত্রাপথে কখনও কখনও সংশয়ের দোলা লেগেছিল, এসেছিল নানা ঘাত-প্রতিঘাত ও দুর্যোগ। তবু এর শিক্ষার ধারা প্রথমাবধি উৎকর্ষ ও মঙ্গলের আদর্শকে বরণ ক'রে নিয়েছিল ব'লে এর প্রাণশক্তি আজও অফুরন্ত আর এর সার্থকতা ভারতবর্ষের জাতীয় জীবনের বহুল পরিবর্তন সাধনে নেপথ্যচারিণী ধাত্রীমাতার ভূমিকায়।

এই ঐতিহ্যমণ্ডিত কলেজ স্থাপনের ব্যাপারে যাঁদের অক্লান্ত পরিশ্রম, অনলস প্রচেষ্টা, প্রভূত উৎসাহ এবং অমেয় আন্তরিকতা সেই ভবিষ্যদ্‌দ্রষ্টা পূর্বসূরিদের আমরা আজ প্রতিষ্ঠাতৃ-দিবসে স্মরণ করি। স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, রামমোহন রায়, ডেভিড হেয়ার, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন, বর্ধমানের মহারাজা তেজচাঁদ বাহাদুর, পাথুরেঘাটার গোপীমোহন ঠাকুর, গঙ্গানারায়ণ দাস, গোপীমোহন দেব, রসময় দত্ত, বড়বাজারের মল্লিক পরিবার, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, জয়কৃষ্ণ সিংহ, হরিমোহন ঠাকুর প্রমুখ বরেণ্য ব্যক্তিদের প্রতি আমরা আমাদের ভক্তি ও শ্রদ্ধা নিবেদন করি।

### ১৯৮৬ শিক্ষাবর্ষে প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগে অগ্রগতি

এ বছরও প্রেসিডেন্সি কলেজ যে তার অতীত গৌরব অক্ষুণ্ণ রাখতে পেরেছে তা পরীক্ষার ফল এবং বিভাগীয় বিবরণী থেকে জানা যাবে। বিভিন্ন বিভাগের অধ্যাপকগণ নিষ্ঠার সঙ্গে অধ্যয়ন-অধ্যাপনায় নিরত থেকে জ্ঞানের দীপ জ্বালিয়ে রেখেছেন, বিভিন্ন বিভাগের অধ্যাপকদের পরিচালনায় কলেজের শিক্ষকমণ্ডলী ও বহিরাগত গবেষকরা তাঁদের অত্যন্ত মূল্যবান গবেষণা-কার্য চালিয়ে যাচ্ছেন। বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রী ও অধ্যাপকমণ্ডলী দেশবিদেশের পণ্ডিত মনীষীদের আমন্ত্রণ ক'রে এনে বিভাগীয় সেমিনার বক্তৃতামালার আয়োজন করেছিলেন। অন্যান্য বছরের মত এ বছরও বিভিন্ন বিভাগের উদ্যোগে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা হয়েছিল। গ্রন্থাগারে সংযোজিত হয়েছে নূতন ও মূল্যবান গ্রন্থ এবং পত্রপত্রিকা।

# উল্লেখযোগ্য সংবাদ

## ইডেন হিন্দু হস্টেলের শতবার্ষিকী

এ বছরের সবচেয়ে উল্লেখযোগ্য সংবাদ হ'ল যে, প্রেসিডেন্সি কলেজের ছাত্রাবাস যা ইডেন হিন্দু হস্টেল নামে পরিচিত তার শতবর্ষ পূর্ণ হ'ল। এই শতবর্ষপূর্তি উপলক্ষে এ বছর একটি জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল গত ২৯এ ও ৩০এ নভেম্বর এবং ১লা ডিসেম্বর ১৯৮৬ তারিখে। অনুষ্ঠানের উদ্বোধন করেছিলেন আমাদের শিক্ষাব্রতী রাজ্যপাল অধ্যাপক নুরুল হাসান। তিনদিনব্যাপী এই অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান বিভিন্ন হস্টেলের ছাত্রছাত্রীদের মধ্যে নানা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। সবচেয়ে আকর্ষণীয় ছিল Walking down to memory lane নামক স্মৃতিচারণের অনুষ্ঠানটি। আজ জীবনে সুপ্রতিষ্ঠিত এমন অনেক প্রাক্তন আবাসিকই এই পুনর্মিলনমূলক উৎসবে এসে পুরনো দিনগুলির কথা স্মরণ ক'রে উপভোগ্য ক'রে তোলেন অনুষ্ঠানটি। প্রাক্তন আবাসিকদের মধ্যে যে ভারতের কত কৃতী সন্তান ছিলেন তা গণনা করা সম্ভব নয়।

## টি এস স্টার্লিং অছি তহবিল

এ বছর টি এস স্টার্লিং অছি তহবিলে গচ্ছিত টাকার সুদ থেকে মাসিক চল্লিশ টাকা ক'রে বৃত্তির ব্যবস্থা করা সম্ভব হয়েছে। নানা কারণে এই তহবিলের টাকাটি এতদিন কাজে লাগানো সম্ভব হয়নি।

## অধ্যাপকের সম্মান

পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ডঃ অমলকুমার রায়চৌধুরী এ বছর বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্বীকৃত ইউ জি সি অধ্যাপকরূপে নিযুক্ত হয়েছেন। এছাড়া তিনি এ বছর ন্যাশনাল অ্যাকাডেমি অফ সায়েন্সের ফেলোও নির্বাচিত হয়েছেন। এ জন্য আমরা সবাই গর্বিত।

## নরওয়ের সংসদ প্রতিনিধি দলের সফর

নরওয়ের পার্লামেন্ট থেকে একদল প্রতিনিধি ভারত সফরে এসেছিলেন। তাঁদের উদ্দেশ্য ছিল এদেশের চার্চ, শিক্ষা ও চলচ্চিত্র সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞান লাভ করা। গত ২৫এ সেপ্টেম্বর তাঁরা প্রেসিডেন্সি কলেজ পরিদর্শন করেন। কলেজের গ্রন্থাগার ও কয়েকটি বিভাগও তাঁরা দেখে যান।

## পরীক্ষার ফল

অন্যান্য বছরের মতোই এবারও আমাদের কলেজের ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল খুবই ভাল। ১৯৮৫ সালের বি এ পরীক্ষায় শতকরা একশো জন ছাত্রই উত্তীর্ণ হয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৯ জন। এদের মধ্যে কলা বিভাগের বিভিন্ন বিষয়ে মোট চব্বিশ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বি এস-সি পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৭০ জন। উত্তীর্ণ হয়েছে মোট ১৬৫ জন। পাশের হার শতকরা ৯১·৯৭। বিজ্ঞান বিভাগের বিভিন্ন বিষয়ে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে মোট ৭৯ জন ছাত্রছাত্রী। কোন্ বিষয়ে ক'জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে তা বিভাগীয় সংবাদ ও পরিশিষ্টে প্রদত্ত তালিকা থেকে জানা যাবে।

## শোকসংবাদ

গভীর বেদনার সংগে জানাচ্ছি এ বছর কলেজের কয়েকজন প্রাক্তন অধ্যাপকের জীবনাবসান হয়েছে।

গণিত বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অধ্যাপক নন্দলাল ঘোষ যিনি এ কলেজে ১৯৫২ থেকে ১৯৬৫ সাল পর্যন্ত কাজ ক'রে গেছেন তিনি তাঁর বর্ধমানের বাসস্থানে গত মে মাসে পরলোকগমন করেছেন।

পদার্থবিদ্যা বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অধ্যাপক অমরেশ চক্রবর্তীও পরলোকগমন করেছেন। তিনি স্বাধীনতা-উত্তর পর্বের প্রথম বিভাগীয় প্রধান ছিলেন।

বাংলা বিভাগের মৃদুভাষী অধ্যাপক ডঃ হরনাথ পালের অবসরগ্রহণের কথা আগের বছরের প্রাসঙ্গিকীতে জানানো হয়েছিল। দুঃখের বিষয় গত বছরই তাঁর জীবনাবসান হয়েছে। বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক ডঃ বিমলকুমার চট্টোপাধ্যায়ের আকস্মিক জীবনাবসানের ঘটনাটিতেও আমরা শোকাহত। তিনি মাত্র ১৯৮৩ সালে এ কলেজ থেকে ঝাড়গ্রামে বদলি হয়ে গিয়েছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল মাত্র ৪৪ বছর। গত ২০এ ডিসেম্বর তিনি আকস্মিকভাবে পরলোকগমন করেছেন।

রসায়ন বিভাগের প্রাক্তন প্রফেসর নীলরতন ধর গত ১০ই ডিসেম্বর প্রয়াত হয়েছেন। তিনি এই কলেজের প্রাক্তন ছাত্রও ছিলেন।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক শ্রীনির্মলকান্তি মজুমদারও গত গ্রীষ্মাবকাশে পরলোকগমন করেছেন।

## পুরস্কার ও বৃত্তি

গত শিক্ষাবর্ষে জাতীয় বৃত্তির অধিকারী হয়েছে ৬০ জন ছাত্রছাত্রী। ন্যাশনাল লোন স্কলারশিপ পেয়েছে ৫০ জন। মোট ১৭ জন পেয়েছে কলেজের স্টাইপেন্ড। ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং-এর দপ্তর থেকে মাসিক ২০০ টাকা হারে বৃত্তির অধিকারী হয়েছে ১৭ জন। ত্রিপুরা গভর্নমেন্ট স্কলারশিপ পেয়েছে ৪ জন তফসিলী জাতিসমূহের মধ্যে ১৫ জন সরকারী বৃত্তি পেয়েছে।

## ছাত্রছাত্রীসংখ্যা

কলেজের মোট ছাত্রছাত্রীর সংখ্যা ১,৩১৩। এদের মধ্যে ছাত্রসংখ্যা ৬৯০ এবং ছাত্রীসংখ্যা ৬২৩।

## অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন

সরকারী কলেজের নিয়ম অনুযায়ী বর্ষে বর্ষে দলে দলে ছাত্রদের মত শিক্ষকদেরও আসা-যাওয়া চলতে থাকে। এ বছরও বিভিন্ন বিষয়ের শিক্ষকদের কেউ বদলি হয়ে চলে গেছেন, অবসর নিয়েছেন কেউ কেউ আবার শিক্ষকমণ্ডলীতে নতুন শিক্ষকও অনেকে যোগ দিয়েছেন। কলেজের অধ্যক্ষ পদে যোগ দিয়েছেন স্টেট কাউন্সিল ফর এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং-এর প্রাক্তন

অধিকর্তা ডঃ সুনীল রায় চৌধুরী যিনি আগে এ কলেজেরই অধ্যাপক ছিলেন। অন্য যেসব বিভাগে অধ্যাপকদের পরিবর্তন হয়েছে তার বিবরণ দিচ্ছি।

বিভাগগুলির নাম অ-কারাদিক্রমে সাজিয়ে দিচ্ছি।

**অর্থনীতি** বিভাগ থেকে এ বছর সিনিয়ার রিসার্চ ফেলো শ্রীমধুসূদন দত্ত কল্যাণী বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট সেন্টার ফর ইকনমিক স্টাডিজের রিডার পদে যোগ দিয়েছেন ডঃ সোমেন্দ্রনাথ শিকদার। ইংরেজী বিভাগ থেকে অধ্যাপক সুনীলকুমার মুখোপাধ্যায় অবসরগ্রহণ করেছেন। শ্রীমতী সুরুচি বন্দ্যোপাধ্যায় ও ডঃ সুদেষ্ণা চক্রবর্তী কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। বিভাগে নতুন এসেছেন লেডী ব্রেবোর্ণ কলেজ থেকে শ্রীমতী জয়তী গুপ্ত এবং কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজ থেকে শ্রীঅতীশরঞ্জন বন্দ্যোপাধ্যায়। **গণিত** বিভাগে অনেকগুলি পরিবর্তন হয়েছে। এই বিভাগের অধ্যাপক গোপাল মন্ডল বদলি হয়ে গেছেন শিবপুর বি ই কলেজে এবং অধ্যাপক বিশ্বনাথ চক্রবর্তী চলে গেছেন কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজে। অন্যদিকে বিভাগে যোগ দিয়েছেন ডঃ রসজিৎকুমার বেরা, শ্রীহরিহর ঘোষ এবং শ্রী মতিউর রহমান। বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক শ্রীপ্রীতীন্দু চৌধুরী একটি ইউ জি সি গবেষণা প্রকল্পের প্রধান অন্বেষক হিসাবে বিভাগের সঙ্গে যুক্ত রয়েছেন। **পদার্থবিদ্যা** বিভাগেও অনেকগুলি পরিবর্তন হয়েছে। এই বিভাগ থেকে যাঁরা চলে গেছেন তাঁদের নাম হল শ্রীহরিনারায়ণ ভট্টাচার্য, শ্রীসুভাষ কর, শ্রীশিশির বোস, শ্রীমুরারীমোহন সামন্ত ও ডঃ কণা চৌধুরী। বিভাগের শিক্ষকমন্ডলীতে যোগ দিয়েছেন শ্রীবিনয়ভূষণ ব্যানার্জী, শ্রীঅশোককুমার ঘোষ এবং ডঃ প্রদীপকুমার দত্ত। **প্রাণিবিদ্যা** বিভাগের অধ্যাপক শ্রীরমাপদ ভট্টাচার্য অবসরগ্রহণ করেছেন। তাঁর শূন্যপদে যোগ দিয়েছেন শ্রীসুব্রত চক্রবর্তী। **বাংলা** বিভাগের শ্রীমতী কস্তুরী মৌলিক যোগ দিয়েছেন কৃষ্ণনগর কলেজে। ডঃ অনীতা বন্দ্যোপাধ্যায় যোগ দিয়েছেন সল্টলেক কলেজে। অধ্যাপক রঞ্জন ভৌমিক চলে গেছেন গোয়েঙ্কা কলেজে। বিভাগের অধ্যাপকমন্ডলীতে যোগ দিয়েছেন হুগলী মহসীন কলেজ থেকে শ্রীবুদ্ধজীবন চক্রবর্তী, নবাগতা শ্রীমতী শম্পা চৌধুরী ও মৌলানা আজাদ কলেজ থেকে ডঃ সঞ্জয় মজুমদার। ভূগোল বিভাগের প্রাক্তন ডেমন্‌সট্রেটর শ্রীশ্যামল ঘোষ বর্ধমানের গভর্নমেন্ট ট্রেনিং কলেজের লেকচারার রূপে যোগ দিয়েছেন। চন্দননগর কলেজ থেকে এসে বিভাগে যোগ দিয়েছেন শ্রীআশিস্ সরকার। ভূতত্ত্ব বিভাগের শিক্ষকমন্ডলীর তেমন কোনও পরিবর্তন হয়নি। কেবল বিভাগের গবেষণা প্রকল্পে সহায়তা করবার জন্য জিওলজিক্যাল সারভে অফ ইন্ডিয়া থেকে স্বল্পমেয়াদের জন্য প্রেরিত হয়ে এসেছেন ডঃ কে নন্দী। **রসায়ন** বিভাগের ডঃ অমলেন্দু হালদার, ডঃ ধীরেন বিশ্বাস, ডঃ প্রশান্ত ভৌমিক এবং ডঃ অমৃতলাল দে বদলি হয়ে গেছেন বিভিন্ন কলেজে। অন্যদিকে বিভাগে যোগ দিয়েছেন অধ্যাপক ব্রজেশচন্দ্র সেন, ডঃ নিতাই ঘোষ, ডঃ হিমাংশুরঞ্জন দাস, শ্রীঅভয়পদ ভট্টাচার্য। বিভাগীয় প্রধান ডঃ পীযূষকান্তি দাস এ বছর স্টেট কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ ও ট্রেনিং-এর অধিকর্তারূপে নিযুক্ত হয়েছেন। বিভাগীয় প্রধানের দায়িত্ব নিয়েছেন ডঃ পরিমল সেন। **রাশিবিজ্ঞান** বিভাগের অধ্যাপক শ্রীশংকর ঘোষ ও শ্রীবরুণকুমার দত্ত যথাক্রমে কৃষ্ণনগর সরকারী কলেজ ও সল্টলেক কলেজে যোগ দিয়েছেন। বিভাগের নতুন অধ্যাপকরূপে যোগ দিয়েছেন শ্রীতুষারকান্তি ঘড়া। **শারীরবিদ্যা** বিভাগে নতুন যোগ দিয়েছেন শ্রীদেবাশীস্ সেন। **হিন্দী** বিভাগে আংশিক সময়ের অধ্যাপকরূপে যোগ দিয়েছেন শ্রীলালবাহাদুর সিং। বিভাগের শ্রীপ্রেমাসন সিং ব্যক্তিগত কারণে পদত্যাগ করেছেন।

## বিভিন্ন বিভাগের সংবাদ

### অর্থনীতি বিভাগ

বিভাগের অধ্যাপিকা অমিতা দত্ত অবসরগ্রহণ করেছিলেন, তাঁর শূন্যপদ এখনও শূন্যই রয়ে গেছে। বিভাগের পরীক্ষার ফল খুবই ভাল। ১৯৮৫ সালের বি এস-সি পার্ট টু পরীক্ষায় ৮ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। সেন্টার ফর ইকনমিক স্টাডিজের নানান গবেষণা প্রকল্পে ৬ জন জুনিয়র রিসার্চ ফেলো নিযুক্ত রয়েছেন। তাঁরা বিভাগের অধ্যাপকদের পরিচালনাধীনে থেকে কাজ করে যাচ্ছেন। বিভাগের অধ্যাপক ডঃ মিহিরকান্তি রক্ষিত দিল্লীর জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে, দিল্লী স্কুল অফ ইকনমিক্স ও পাতিয়ালাস্থিত পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ে কয়েকটি বক্তৃতা করেন। বক্তৃতার বিষয় ছিলঃ

1. A Generalisation of theory of Foreign Trade Multiplier
2. Transmission mechanism in the Indian Economy

এছাড়া হেলসেংকি এবং বোস্টন বিশ্ববিদ্যালয়ে ওয়ার্ল্ড ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট ইকনমিক রিসার্চ-এ অনুষ্ঠিত অধিবেশনে তিনি যোগ দেন এবং গবেষণা নিবন্ধ পেশ করেন। বিভাগে নিয়মিত সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বিবরণ পরিশিষ্টে দেওয়া হল।

### ইংরেজী বিভাগ

১৯৮৫-র বি এ পার্ট টু পরীক্ষায় অভূতপূর্বভাবে মোট নয় জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৪ সালের এম এ পরীক্ষায় কলেজের প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে দুটি ছাত্রী।

বিভাগের সেমিনার গ্রন্থাগারটিকে ছাত্রছাত্রীরা প্রশংসনীয় উদ্যমের সঙ্গে নতুন করে সাজিয়েছে। ইংরেজী অনার্স গ্রন্থাগারটিও তারা একইভাবে সাজাচ্ছে। কলেজের মুখ্য গ্রন্থাগারে ইংরেজী ও ইউরোপীয় সাহিত্য সংক্রান্ত গ্রন্থপঞ্জী নতুন করে লিখতেও তারা সাহায্য করেছে। ছাত্রছাত্রীরা কয়েকটি আলোচনাচক্রেরও আয়োজন করেছে। তার মধ্যে যুদ্ধের কাব্য বিষয়ে একটি আলোচনা বিশেষভাবে উল্লেখযোগ্য।

বিভাগের অধ্যাপকেরা নিজ নিজ ক্ষেত্রে পঠনপাঠন ও গবেষণা চালিয়ে যাচ্ছেন। তাঁদের রচিত গ্রন্থ ও গবেষণানিবন্ধের তালিকা পরিশিষ্টে দেওয়া হল।

বিভাগের শ্রীমতী কাজল সেনগুপ্ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের গবেষণা পত্রিকায় মধ্যযুগের সাহিত্য সম্বন্ধে একটি বিশেষ সংখ্যার সম্পাদনা করেছেন।

ডঃ সুকান্ত চৌধুরী এপ্রিল মাসে পশ্চিম বার্লিনে আন্তর্জাতিক শেক্সপীয়র সংঘের পঞ্চবার্ষিক সম্মেলনে যোগদান করেন ও একটি অধিবেশনে সভাপতিত্ব করেন। সেখান থেকে তিনি "ব্রিটিশ কাউন্সিল ফেলো" হিসাবে ব্রিটেনে যান এবং লন্ডন ও অক্সফোর্ডের বিভিন্ন গ্রন্থাগারে তিন মাস গবেষণা করেন। নভেম্বর মাসে তিনি "অধ্যাপক অমল ভট্টাচার্য স্মারক বক্তৃতামালা" দান করেন। তাঁর বিষয় ছিল "Principles of Medieval and Renaissance Art" এছাড়া তিনি বরোদা বিশ্ববিদ্যালয়ে শেক্স্পীয়ারের ভাষার উপর একটি বক্তৃতা দিয়েছেন।

শ্রীমতী সুদেষ্ণা চক্রবর্তী (খাসনবীশ) বিভাগ ছেড়ে যাবার আগেই যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি উপাধি লাভ করেন। এছাড়া তিনি বিশ্বভারতীতে আয়োজিত Sociology of the Nineteenth Century French Novel সংক্রান্ত একটি সেমিনারে ভাষ্যকারের ভূমিকা গ্রহণ করেন।

শ্রীমতী জয়তী গুপ্ত ব্রিটিশ কাউন্সিল আয়োজিত একটি সেমিনারে Kipling's Auditory Imagination শীর্ষক একটি নিবন্ধ পাঠ করেন।

নভেম্বর মাসে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের উদ্যোগে আয়োজিত ইংরেজী শিক্ষা ও মূল্যায়ন সম্পর্কিত একটি আলোচনাচক্রে শ্রীশান্তিরাম চট্টোপাধ্যায় মাধ্যমিক স্তরে যোগ দিয়েছিলেন।

বিভাগের অধ্যাপক শ্রীঅতীশরঞ্জন বন্দ্যোপাধ্যায় গত ডিসেম্বর মাসে টেগোর রিসার্চ ইনস্টিটিউট আয়োজিত 'কড়ি ও কোমল' কাব্যের শতবার্ষিকী সভায় গ্রন্থটি সম্পর্কে আলোচনা করেন।

**ইতিহাস বিভাগ**

১৯৮৫ সালের পার্ট টু বি এ পরীক্ষায় বিভাগের ছয়জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে এবং ষোলজন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগের প্রধান অধ্যাপক ডঃ রজতকান্ত রায় এ বছর কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইউ জি সি সেমিনারে Evolution of the Capitalist Class in India বিষয়ে বক্তৃতা দেন।

অধ্যাপক অজয়চন্দ্র বন্দ্যোপাধ্যায় শরৎ বোস একাডেমিতে গত সেপ্টেম্বর মাসে একটি নিবন্ধ পাঠ করেন। নিবন্ধের নামঃ Saratchandra Bose's political career and ideas.

অধ্যাপক ডঃ সুবোধকুমার মুখোপাধ্যায় ইনস্টিটিউট অফ হিস্টোরিকাল স্টাডিজের রজতজয়ন্তী উপলক্ষে আয়োজিত আলোচনাচক্রে যে নিবন্ধ পাঠ করেন তার নাম ছিল
A comparative study of historical ideas in Bengal and Maharashtra

ডঃ দেবেন্দ্রবিজয় মিত্রও তাঁর নিজস্ব গবেষণার ক্ষেত্রে কাজ চালিয়ে যাচ্ছেন।

**উদ্ভিদবিদ্যা বিভাগ**

বি এস-সি পার্ট টু পরীক্ষায় ১৪ জনের মধ্যে ৪ জন প্রথম শ্রেণীতে ও ১০ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এম এস-সি পরীক্ষায় সবাই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

অধ্যাপক শ্রী এ পি দাস তাঁর পি-এইচ ডি-র জন্য থিসিস্ কলকাতা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন। তাছাড়া ৩ জন ছাত্র তার অধীনে গবেষণা করে চলেছে। ভূতপূর্ব অধ্যাপক ডঃ এ কে করের অধীনে ৯ জন ছাত্র ছত্রাক বিষয়ে গবেষণা করছে। দুটি গবেষণাপত্রও প্রকাশিত হয়েছে। ডঃ বরুণকুমার চট্টোপাধ্যায়ের কাছে গুদামজাত শস্যে ছত্রাকের বিষক্রিয়ার উপর গবেষণা করেন একজন।

শ্রীস্বপন কুমার দত্ত টাইপিস্ট-কাম-রেকর্ডকীপার হিসাবে ও শ্রী দেল আর্মাবিয়া এস্টাবলিস্-মেন্ট কর্মচারী হিসাবে বিভাগে যোগদান করেন।

ডঃ বরুণ চট্টোপাধ্যায় ও শ্রীনারায়ণ তরফদারের তত্ত্বাবধানে তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা উত্তর প্রদেশের পার্বত্য অঞ্চলে এবং শ্রীঅভয়পদ দাস ও শ্রীমলয় চক্রবর্তীর তত্ত্বাবধানে প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা উড়িষ্যার উপকূল অঞ্চলে শিক্ষামূলক ভ্রমণে অংশ নেয়।

উদ্ভিদবিদ্যা বিভাগের স্নাতকশ্রেণী ল্যাবরেটরীর আন্তসংস্কার আবশ্যক। ইলেকট্রিক লাইন DC থেকে AC তে পরিবর্তন দরকার নতুবা অনেক মাইক্রোস্কোপ ও যন্ত্রের সুষ্ঠু ব্যবহার সম্ভব হচ্ছে না। বর্তমান লাইন ও পয়েন্টসগুলি পরীক্ষা করা ও সারানো দরকার।

বিভাগের নিজস্ব মালী না থাকায় প্রাকটিক্যাল ক্লাশে মেটিরিয়াল যোগানে বিশেষ অসুবিধা দেখা দিয়েছে। বইকেনার বরাদ্দ টাকা যথেষ্ট নয় বলে অনেক বইয়ের সাম্প্রতিক সংস্করণ বা জার্নাল কেনা সম্ভব হচ্ছে না।

## ক্রীড়াবিভাগ

শুধু শ্রেণীকক্ষেই জীবনের পাঠ নেওয়া হয় না। জীবনের কিছু শিক্ষা যে খেলার মাঠে নেমে পেতে হয় এ ব্যাপারে সকলে যে সর্বদা সচেতন তা নয়। তাছাড়া কলেজজীবন ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাভিত্তিক কার্যক্রম এমনভাবে চলে যে খেলাধুলোয় উৎসাহ থকলেও অনেকের কোনও সময় বা সুযোগই মেলে না তবু কলেজের ছেলেমেয়েদের সহযোগিতায় ক্রীড়াবিভাগ তার নিয়মিত খেলাধুলা ও প্রতিযোগিতাগুলি চালিয়ে যাচ্ছে। ১৯৮৬ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অত্যন্ত উৎসাহের সঙ্গে সম্পন্ন হয়েছিল। কলেজের প্রতিষ্ঠাতৃ-দিবস উপলক্ষে প্রাক্তন ছাত্রদের সঙ্গে বর্তমান ছাত্রদের একটি ক্রিকেট ম্যাচের আয়োজন করা হয়েছিল। এছাড়া ব্যাডমিন্টন, ভলিবল প্রতিযোগিতা ও ফুটবল ক্ষেত্রে আন্তর্বিভাগীয় ম্যাচের আয়োজন করা হয়েছিল। এবার কলেজের ক্রিকেট টিম আন্তঃকলেজ প্রতিযোগিতায় যোগ দিয়েছিল। বি ই কলেজ ও অন্যান্য কলেজের সঙ্গে ভ্রাতৃত্বমূলক প্রতিযোগিতায় নেমেছিল।

ছাত্রদের সক্রিয় হস্তক্ষেপে কলেজমাঠটি খানিকটা উন্নত করা সম্ভব হয়েছে। কলকাতা পুলিসের সহযোগিতায় বাইরের উপদ্রবও প্রায় বন্ধ করা গেছে। আশা করা যায় আগামী বৎসরগুলিতে ছেলেমেয়েরা উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে কলেজের বিভিন্ন খেলাধুলায় যোগ দেবে এবং এই উৎসাহ তাদের চরিত্রগঠনে সহায়ক হয়ে উঠবে।

## গণিতবিদ্যা বিভাগ

বিভাগের ১৫ জন ছাত্রছাত্রী এ বছর বি এ বা বি এস-সি পরীক্ষায় বসেছিল। তাদের মধ্যে সাত জন প্রথম শ্রেণীতে ও চার জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। শ্রীমতী মহুয়া দত্ত শতকরা ৭৫·৫ মান প্রাপ্ত হয়ে বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থানাধিকার করেছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিভাগকে একটি তিন-ইঞ্চি টেলিস্কোপ দান করেছে। হ্যালীর ধূমকেতু নিরীক্ষণ করার উদ্দেশ্যে ছিল এই দান কিন্তু দুর্ভাগ্যের বিষয় কলেজ থেকে হ্যালীর ধূমকেতু দেখা সম্ভব হয় নি। আকাশ পরিষ্কার ছিল না।

**গ্রন্থাগার বিভাগ**

১৯৮৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত গৃহীত হিসাবে গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,৪২,৮৩৩ খানি এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৫,১২৯ খানি। ১৯৮৫-৮৬ সালের কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ৩,৮৭০ এবং ১১৬। এ বছর ৬৩ খানি বই ও পত্রিকা উপহার হিসাবে পাওয়া গেছে। যেসব বই ও পত্রিকা বাঁধানো প্রয়োজন তার সংখ্যা খুব কম নয়।

১৯৮৫-৮৬ সালে ব্যবহৃত বইয়ের সংখ্যা ১,৩৩,৮৯০। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৫১,৬৫৩ খানি বই পাঠকদের দেওয়া হয়েছিল। সেমিনারে দেওয়া হয়েছে ৩,১২০।

রসায়ন বিভাগের পুরানো হলঘরটিতে দ্বিতল স্টীল র‍্যাক ১৯৮২ সালে তৈরী করার পর আর্টস্ গ্রন্থাগারের বই ও পত্রিকার একাংশ ঐ র‍্যাকে স্থানান্তরিত করা হয়। কিন্তু আলো ও পাখার ব্যবস্থা না থাকায় গ্রন্থাগারের কাজ দারুণ অসুবিধার মধ্যে করতে হচ্ছিল। ১৯৮৫-৮৬ সালে বৈদ্যুতীকরণের ফলে আলোর সমস্যা মিটেছে। এখনো পর্যন্ত পাখা লাগানো হয় নি। স্থানীয় পি ডব্লিউ ডি বিভাগকে পাখা লাগানোর জন্য বারবার তাগাদা দেওয়া হচ্ছে। পাখার অভাবে গরমের দিনে ঐ হলঘরে কাজ করা অত্যন্ত কষ্টকর।

নিয়মিত বই ও পত্রপত্রিকা ঝাড়পোঁছের গুরুত্ব জানিয়ে বছরের পর বছর দু'জন "ফরাস" নিয়োগের আবেদন করা হচ্ছে। গতবছর জুন মাসেও এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট লেখা হয়েছে। নিয়মিত ঝাড়পোঁছ না করলে প্রেসিডেন্সী কলেজ গ্রন্থাগারের অমূল্য সম্পদ-গুলিকে অবক্ষয়ের কবল থেকে রক্ষা করা কঠিন হচ্ছে। তাই দু'জন "ফরাস"-এর নিয়োগ সম্বন্ধে কর্তৃপক্ষের সক্রিয় ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

হিন্দী বিভাগে প্রি-এম এ পঠনপাঠনের ব্যবস্থা হওয়ায় ছাত্রছাত্রীর সংখ্যা বেড়েছে। গ্রন্থাগার ও হিন্দী সেমিনারের কাজের জন্য একজন গ্রন্থাগারিক কাজ করছেন। তাঁকে সাহায্য করার জন্য একজন চতুর্থ শ্রেণী কর্মচারী অবিলম্বে প্রয়োজন। বিভাগীয় প্রধান এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নিচ্ছেন বলে জানিয়েছেন।

চতুর্থ শ্রেণী কর্মচারীদের কাজের ধরন ও দায়িত্ব এমন একটা উচ্চমানের যার জন্য তাঁদের বেতন পুনর্বিন্যাসের প্রয়োজন। এ বিষয়ে অধ্যক্ষ মহাশয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি বিভিন্ন পত্রে আকর্ষণ করেছেন। এর একটা আশু নিষ্পত্তি হওয়া দরকার।

প্রেসিডেন্সী কলেজের সমৃদ্ধ গ্রন্থাগারটি যাতে ছাত্রছাত্রী, অধ্যাপক ও গবেষকেরা অধিক সময় ব্যবহার করতে পারেন সেজন্য খুলে রাখার সময় সম্প্রসারণের প্রস্তাব কর্তৃপক্ষকে পঞ্চাশের গোড়ার দিকে দেওয়া হয়েছিল। এ বিষয়েও কিছু সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।

নতুন বইগুলিকে তালিকাভুক্ত করার সঙ্গে সঙ্গে পুরানো তালিকাগুলিকেও নতুন করে লেখার কাজ করা হচ্ছে। তবে পুনর্লিখনের কাজ প্রয়োজনের তুলনায় কম। প্রয়োজনভিত্তিক কর্মীর অভাব এর অন্যতম কারণ। প্রয়োজনভিত্তিক কর্মী-কাঠামোর একটা রূপরেখা কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে। চাহিদা অনুরূপ গ্রন্থাগারের কাজ ত্বরান্বিত করতে গেলে প্রস্তাবিত কর্মী-কাঠামোটি অবিলম্বে সক্রিয় বিবেচনার প্রয়োজন।

স্থানাভাব ও অন্যান্য অসুবিধা দূর করার জন্য পৃথক্ গ্রন্থাগার গৃহ নির্মাণের ব্যাপারে সম্প্রতি নতুন করে উদ্যোগ নেওয়া হচ্ছে।

কিছুদিন আগে নরওয়ে থেকে কয়েকজন বিদেশী পর্যটক অধ্যক্ষমহাশয়ের সঙ্গে এই গ্রন্থাগার পরিদর্শন করতে আসেন। তাঁরা সাগ্রহে গ্রন্থাগারের কিছুকিছু বিষয় অনুসন্ধান করেন। গ্রন্থাগার সম্পর্কিত তথ্য পরিশিষ্ট ৮-এ পাওয়া যাবে।

**দর্শন বিভাগ**

বিভাগের ১৬ জন ছাত্রছাত্রীর মধ্যে পাঁচজন বি এস-সি পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। তাদের মধ্যে একজন বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থানাধিকার করেছে। এম এ পরীক্ষায় বিভাগের দুজন পরীক্ষার্থী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বাংলা বিভাগের ছাত্রছাত্রীদের সঙ্গে যৌথভাবে দর্শন বিভাগের ছাত্রছাত্রীরা রবীন্দ্রনাথের ১২৫তম জন্মজয়ন্তী পালন করে। তাতে উপস্থিত ছিলেন শ্রীমতী মেনকা ঠাকুর। শিক্ষক ও ছাত্ররা আলোচনায় অংশগ্রহণ করেন।

বিভাগ থেকে ছেলেমেয়েরা একটি দেওয়ালপত্রিকা প্রকাশ করে যাচ্ছে।

বিভাগীয় প্রধান প্রফেসর নীরদবরণ চক্রবর্তীর নির্দেশে গবেষণা করে একটি ছাত্র এ বছর কলকাতা বিশ্ববিদ্যালয়ে পি-এইচ ডি ডিগ্রী লাভ করেছে। আরও তিনজন গবেষণা করে যাচ্ছে। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার কর্তৃক আয়োজিত Moral education—its feasibility and contents বিষয়ে একটি অল ইন্ডিয়া সেমিনারে resource person (বিশেষজ্ঞ) হিসাবে আহূত হন।

**পদার্থবিদ্যা বিভাগ**

বিভাগের অধ্যাপকমণ্ডলীতে এ বছর অনেক পরিবর্তন হয়েছে। ডঃ অমলকুমার রায়চৌধুরী এ বছর ইউ জি সি প্রফেসর-রূপে নিযুক্ত হয়েছেন। তাঁর অধীনে কাজ করে ডঃ নিখিলেন্দু বন্দ্যোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ডি এস-সি ডিগ্রী লাভ করেছেন। শ্রীবন্দ্যোপাধ্যায়ের বিষয় ছিল Studies in Brans Dicke theory। শ্রীদীপঙ্কর হোম নামে একজন প্রাক্তন ছাত্র তাঁর গবেষণার জন্য তরুণ-বৈজ্ঞানিক হিসাবে স্বীকৃতি পেয়েছে। শ্রী হোম কাজ করেছেন ডঃ শ্যামল সেনগুপ্তর অধীনে। বিভাগের ল্যাবরেটরীর আধুনিকীকরণের কাজ চলছে।

বিভাগের ২৭ জন অনার্স ছাত্রছাত্রীর মধ্যে ২২ জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বাকি পাঁচ জন দ্বিতীয় শ্রেণীতে। ১৯৮৫ সালের পদার্থবিদ্যা বিষয়ে এম এ পরীক্ষার ফল এখনও অপ্রকাশিত।

বিভাগের কয়েকজন অধ্যাপক ডঃ বি কে বন্দ্যোপাধ্যায়ের নির্দেশাধীনে কয়েকবছর ধরে একটি যৌথ গবেষণাকর্মে নিরত রয়েছেন। এই অধ্যাপকগণের নাম শ্রী এ সি সাহা, শ্রীএম সামন্ত, শ্রী ডি কে পাল, শ্রী আর নন্দী এবং শ্রী জি সি ঘোষ। এই যৌথ গবেষণাকর্মে

মহাজাগতিক রশ্মির উপাদানগুলিকে নির্দিষ্ট ক্ষেত্রে নিরীক্ষণ করা হচ্ছে এবং এই উদ্দেশ্যে সোভিয়েট রাশিয়া থেকে উচ্চশক্তিসম্পন্ন প্রোটন বীমের এক্সপোজ করা রাসায়নিক প্লেট সংগ্রহ করেছেন। এই প্লেটগুলি Leitz-wetzlar শ্রেণীর oil immersion microscope দিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হয়েছে। ফলে যেসব প্রতিক্রিয়া লক্ষ করেছেন তা তাঁরা কতগুলি গবেষণানিবন্ধপ্রকাশকারী জার্নালে রিপোর্ট করেছেন এবং শীঘ্রই তা প্রকাশিত হতে চলেছে।

স্বাধীনতা-উত্তর পর্বে বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক অমরেশ চক্রবর্তীর মৃত্যুর সংবাদে বিভাগের সকলে শোকসভায় মিলিত হয়েছিলেন। ডঃ অমল রায় চৌধুরী অধ্যাপক চক্রবর্তীর প্রাক্তন ছাত্র হিসাবে তাঁর বিষয়ে আলোচনা করেন।

**প্রাণিবিদ্যা বিভাগ**

কলকাতা বিশ্ববিদ্যালয় এ বছর প্রেসিডেন্সী কলেজের প্রাণিবিদ্যা বিভাগকে বি এস-সি পার্ট ওয়ানে প্রাণিবিদ্যা বিষয়ের সাম্মানিক পরীক্ষায় প্রাক্‌টিকাল পরীক্ষার কেন্দ্র হিসাবে নির্দিষ্ট করেছেন। ফলে গত জুলাই ও আগস্টের বারো দিন জুড়ে ৩৫২ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়ে গেল। বিভাগের সকলের সহযোগিতায় সুষ্ঠুভাবে পরীক্ষা চালানো সম্ভব হল।

বিভাগের প্রাণিবিদ্যার বিভিন্ন শাখায় গবেষণার ধারা পূর্ববৎ চালু রয়েছে। বিভাগীয় অধ্যাপক ডঃ এস আলম তাঁর গবেষণালব্ধ থিসিসঃ A metapohtoxenomic study of the Indian specis of pergus gnats কলকাতা বিশ্ববিদ্যালয়ে ডক্টরেট ডিগ্রীর জন্য জমা দিয়েছেন। তিনি কাজ করেছেন বিভাগীয় প্রধান ডঃ সুজিতকুমার দাশগুপ্ত-র তত্ত্বাবধানে। ডঃ দিলীপ চক্রবর্তী এ কলেজ থেকে চন্দননগর কলেজে বদলি হয়ে গেছেন আগেই তবুও অবসর সময়ে এ কলেজে এসে তিনি তাঁর একক প্রয়াসে গঠিত অ্যাকারোলজি পরিকাঠামোটিকে বজায় রেখেছেন। ইত্যোমধ্যে তিনি ঐ বিষয়ে এক আন্তর্জাতিক আলোচনা-চক্রেও যোগ দিয়েছিলেন। ডঃ সুব্রত চক্রবর্তী ও শ্রীপিনাকীপ্রসাদ চৌধুরী গবেষণাসূচক স্কীম মঞ্জুর করিয়ে এনে বিভাগে গবেষণা প্রয়াসকে সাফল্যমণ্ডিত করায় ব্যাপৃত। বিভাগে বিভিন্ন শিক্ষকদের প্রকাশিত রচনার তালিকা পরিশিষ্টে পাওয়া যাবে।

**বাংলা বিভাগ**

প্রতিবৎসরের মতো এ বছরও বাংলা বিভাগে পঠনপাঠন, বিভাগীয় গ্রন্থাগার পরিচালনা, দেওয়ালপত্রিকা প্রকাশ অব্যাহতভাবে চলছে। বাংলা বিভাগে এ বছরও ১৮ জন ছাত্রছাত্রী বি এ পার্ট টু পরীক্ষা দিয়েছিল। এই ১৮ জনই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এক্ষেত্রে উল্লেখনীয় এইটুকু যে প্রতিবছরই সারা দেশে এই বিশেষ বিষয়ে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্র হয় থাকে না, না হয় সেই সংখ্যা অত্যন্ত নগণ্য। এই বিশেষ বিদ্যায় পরীক্ষায় মূল্যায়ন পদ্ধতি সম্বন্ধে চিন্তা করার সময় হয়েছে।

বিভাগের ছাত্রছাত্রীরা নিজেদের উদ্যোগে ডায়মন্ডহারবার লাইনে ধামুয়া স্টেশনের নিকট-বর্তী মুল্টি নামক গ্রামে বনভোজনের আয়োজন করেছিল। এছাড়া তারা নিজেরাই সংগঠিত করেছিল বসন্ত-উৎসব—যোগ দিয়েছিল হেনরি ভিভিয়ান লুই ডিরোজিও-র ১৭৮তম জন্মবার্ষিকী উৎসবে ও মানবেন্দ্রনাথ রায়ের জন্মশতবর্ষ উৎসবে। দর্শন বিভাগের ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিতভাবে তারা রবীন্দ্রনাথ ঠাকুরের ১২৫তম জন্মজয়ন্তী অনুষ্ঠান পালন করে

ডিরোজিও হলে আবার ২২শে শ্রাবণেও তারা শ্রদ্ধার সঙ্গে কবিকে স্মরণ করে। এমন স্বতোৎসারিত প্রাণশক্তি ও জীবনের সদ্‌বৃত্তিগুলির প্রতি মূল্যবোধ নিঃসংশয়ে প্রশংসনীয়। এই মূল্যবোধের প্রকাশ দেখি স্বাধীনতা দিবসে শহীদস্মরণে, শিক্ষকদিবসে সকল শিক্ষককে শ্রদ্ধার সঙ্গে ফুল দিয়ে প্রণাম এবং নিজেদের সংগৃহীত চাঁদা থেকে ভূপাল গ্যাস দুর্ঘটনায় নিহত মানুষদের পরিবারের ও রসায়ন বিভাগের প্রাক্তন প্রধানের পুত্রের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য সাহায্যার্থে পাঁচশত টাকা দানের মধ্য দিয়ে। বিভাগের দেওয়ালপত্রিকাও তারা চমৎকার লেখায় ভরিয়ে তুলেছে, সাজিয়েছে নিজেদের পাঠকক্ষটিকে।

বিভাগের সেমিনার লাইব্রেরীর দায়িত্ব অর্পিত আছে অধ্যাপক ডঃ স্বরাজব্রত সেনশর্মার উপর। এছাড়া বিভাগের ইউ জি সি লাইব্রেরীর দায়িত্বে আগের আগের বছরের মতোই আছেন অধ্যাপক শ্রীঅরুণকুমার ঘোষ।

বিভাগ থেকে যেসব ছাত্রছাত্রী কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম এ ক্লাশে ভর্তি হয়েছে তারা প্রয়োজন অনুসারে নিয়মিতভাবে বিভাগের অধ্যাপকদের কাছে বিভিন্ন বিষয়ে ক্লাশ করে যাচ্ছে।

বিভাগের অধ্যাপকগণ স্ব স্ব ক্ষেত্রে পঠনপাঠন ছাড়াও গবেষণা ও নানাবিধ স্বারস্বত প্রচেষ্টায় নিরত আছেন।

বিভাগের অধ্যাপক হরেকৃষ্ণ রায় ১৮ই এপ্রিল ১৯৮৬ তারিখে ডিরোজিও হলে ডিরোজিও বিষয়ে ও ১৪ই মে বড়িশা বিবেকানন্দ মহিলা বিদ্যালয়ে 'তৃতীয় বিশ্ব ও সাহিত্যে আধুনিকতা' বিষয়ে বক্তৃতা করেন। এছাড়া ২৭শে ডিসেম্বর নাগপুর বিশ্ববিদ্যালয়েও বক্তৃতা করেন তিনি। বক্তৃতার বিষয় ছিলঃ Yeats and Eliot's poems in connexion with Indianity। তাঁর অনেকগুলি গবেষণানিবন্ধ ও পুস্তক প্রকাশিত হয়েছে। তালিকা পরিশিষ্টে দেওয়া হল।

বিভাগের অধ্যাপক ডঃ প্রশান্তকুমার দাশগুপ্তও কয়েকটি শিক্ষাসূচীর অন্তর্গত কার্যক্রমে আলোচনাচক্রে ও সেমিনারে যোগ দেন। ১৩ই এপ্রিল ১৯৮৬ তারিখে শ্রীরামপুর রবীন্দ্রসঙ্গীত (সার্বিক শিক্ষণ) পরিষদ কর্তৃক আয়োজিত রবীন্দ্রসঙ্গীত চর্চা পাঠক্রমে ধর্ম, স্বদেশপ্রেম ও প্রকৃতি পর্যায়ের গানের কাব্যমূল্য বিষয়ে শিক্ষাসূচীর অন্তর্গত বক্তৃতা দেন।

১০ই মে ১৯৮৬ তারিখে দুর্গাপুর স্টীল টাউনশিপের বি-জোন কমিউনিটি সেন্টারে দেশবন্ধু ভবনের উদ্‌যোগে আয়োজিত রবীন্দ্রনাথের ১২৫তম জন্মজয়ন্তী উৎসবের পরিকল্পিত সূচীর মধ্যে রবীন্দ্রসঙ্গীতে লোকসঙ্গীত ও কীর্তনের প্রভাব বিষয়ে আলোচনা করেন।

পাটনায় বিহার বাংলা আকাদেমি আয়োজিত রবীন্দ্রনাথের ১২৫তম জন্মজয়ন্তী উৎসবে 'রবীন্দ্রনাথের প্রাসঙ্গিকতা' বিষয়ে আলোচনা করেন ১৮ই মে।

কলেজের চলচ্চিত্র সংসদে 'চারুলতা' সম্পর্কিত ওয়ার্কশপে উপন্যাস নষ্টনীড় ও চলচ্চিত্র চারুলতা সম্বন্ধে আলোচনা করেন।

গত ২৯শে মে থেকে ১লা জুন তারিখের মধ্যে বিড়লা ইন্ডাস্ট্রীয়াল অ্যান্ড টেকনিকাল মিউজিয়ামে Centre for Regional Ecological and Science Studies in Developmental Alternatives (An institute of national status) (যা নামের আদ্যাক্ষরগুলি দিয়ে তৈরি CRESSIDA বলে বেশি পরিচিত তার) আয়োজিত 'বাংলাভাষা ও বাঙালীসমাজ এবং গ্রামোন্নয়নের অভিজ্ঞতা ভারতে ও বাংলাদেশে' বিষয়ক সেমিনারে বাংলাভাষা ও বাঙালীসমাজ শীর্ষক আলোচনাচক্রে যোগ দেন এবং 'সার্থক পরিভাষা সন্ধানের পূর্বে সামাজিকক্ষেত্র সমীক্ষাঃ একটি প্রস্তাব' নামে প্রবন্ধ পেশ করেন।

পশ্চিমবঙ্গ সরকারের আদেশনামাবলে তিনি পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির সাধারণ পরিষদের সদস্যরূপে মনোনীত হন এবং তার দু'টি অধিবেশনে যোগ দেন [২০শে আগস্ট ও ১২ই নভেম্বর]। নিখিল ভারত বঙ্গসাহিত্য সম্মেলনের কলকাতা শাখা গত ২২শে জুন জোড়াসাঁকো রথীন্দ্র মঞ্চে দ্বিতীয় বার্ষিক সাহিত্য সম্মেলনে যে রবীন্দ্রচর্চার আয়োজন করে তাতে 'রবীন্দ্রনাথের সামাজিক চিন্তা' বিষয়ে আলোচনা করেন।

এশিয়াটিক সোসাইটির উদ্‌যোগে আয়োজিত ৩৩তম অল ইন্ডিয়া ওরিয়েন্টাল কনফারেন্সের Technical Science and Fine Arts শাখায় A study on the Musical Forms a directed by Maharana Kumbha (1443-68 A.D.) in his commentary *Rasikapriya* of Jayadeva's Gitagobindam শীর্ষক নিবন্ধ পাঠ করেন ও আলোচনায় যোগ দেন। এই প্রাচ্যবিদ্যা সম্মেলনটি অনুষ্ঠিত হয় ২৪শে, ২৫শে ও ২৬শে অকটোবর ১৯৮৬ তারিখে কলকাতা সল্টলেক স্টেডিয়ামে।

N C E R T বা ন্যাশনাল কাউনসিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং এবং পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের যৌথ উদ্‌যোগে আয়োজিত একটি কর্মশালায় তিনি গত ১০ই থেকে ১৭ই ডিসেম্বর যোগ দেন এবং সেখানে Resource Person (বিশেষজ্ঞ) হিসাবে নিযুক্ত হন।

হাওড়ায় নিখিলভারত সংস্কৃত সম্মেলনে ২৭এ ও ২৮এ ডিসেম্বর সঙ্গীতরাজ ও রসিকপ্রিয়ার পারস্পরিক সম্পর্ক বিষয়ে একটি নিবন্ধ পেশ করেন।

বিভাগের অধ্যাপক ডঃ স্বরাজব্রত সেনশর্মা শ্রীলঙ্কার কলম্বোতে আয়োজিত কমনওয়েলথ সাহিত্য বিষয়ক সেমিনারে যোগ দেন এবং Cultural Freedom and the Writer in Sri Lanka শীর্ষক নিবন্ধ পেশ করেন। সেমিনারটি ২৫ থেকে ২৮শে ফেব্রুয়ারি ১৯৮৬ পর্যন্ত চলেছিল।

তিনি তাঁর Modern Science, Man and His Imagination নামক গ্রন্থের জন্য Kumaran Asan Memorial Prize লাভ করেছেন।

জিজ্ঞাসা এডুকেশনাল সোসাইটিতে তিনি পরপর কতগুলি সেমিনার লেকচার দেন। ১৫ই জুন দেন জীবনানন্দ বিষয়ে, ২২শে আগস্ট দেন বিনয় সরকার বিষয়ে এবং ১৯শে জানুয়ারি দেন এম এন রায় সম্পর্কে। এছাড়া তিনি 'অনুবাদ পত্রিকা' নামক একটি পত্রিকার সম্পাদক।

তাঁর আর একটি প্রতিভার দিক হল ছবি আঁকা। তাঁর আঁকা ছবির প্রদর্শনী আগে গোয়ার পাঞ্জিমে ও রাঁচী বিশ্ববিদ্যালয়ে হয়ে গেছে।

বিভাগের অধ্যাপক ডঃ সঞ্জয় মজুমদারেরও আর একটি প্রতিভার দিক আছে। তিনি সুগায়ক। এছাড়া বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন বিষয়ে আলোচনা করে চলেছেন। জুলাই ১৯৮৬ সালে তিনি 'বাতায়ন'র বার্ষিক অধিবেশনে শৈলেন দাস পরিচালিত রবীন্দ্র-সঙ্গীতানুষ্ঠানে ভাষণ পাঠ করেন। ভাষণের নাম 'এই শ্রাবণের বুকের আগুন'।

মৌলানা আজাদ কলেজের নাটক সেমিনারে তাঁর প্রদত্ত ভাষণের বিষয় ছিল 'বাংলা নাটকের পঠনপাঠন'।

রবীন্দ্রনাথের ১২৫তম জন্মজয়ন্তী উপলক্ষে ইভিনিং ক্লাবে 'রবীন্দ্রনাথ ও আমরাঃ উত্তরাধিকারের সমস্যা এই বিষয়ে তিনি একটি ভাষণ দেন। তাঁর প্রকাশিত নিবন্ধের তালিকাও পরিশিষ্টে দেওয়া হল।

**ভূগোল বিভাগ**

১৯৮৬ সালে বিভাগটি ৩৬তম বর্ষে পদার্পণ করল। বিভাগের শিক্ষার মান বরাবরের মত উন্নত রাখার উদ্দেশ্যে মডেল স্লাইড ও ক্ষেত্রসমীক্ষণের ব্যবহার আগের মতোই অব্যাহত আছে। বিভাগের মোট বারো জন পরীক্ষার্থী বি এস-সি পরীক্ষা দিয়েছিল। মোট তিন জন প্রথম শ্রেণীতে ও ন'জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এম এস-সি পরীক্ষায় পাঁচ জন পরীক্ষার্থীর পাঁচজনই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা এবার ক্ষেত্র সমীক্ষণের জন্য আগ্রা, রাজস্থান, দিল্লী ও সংলগ্ন এলাকায় গিয়েছিল গত সেপ্টেম্বর-অক্টোবর মাসে। তাঁদের তত্ত্বাবধানে ছিলেন অধ্যাপক শ্রীজয়দেবকুমার কোলে ও শ্রীআশিস্ সরকার।

নরওয়েজীয় প্রতিনিধি দল বিভাগটি পরিদর্শন করে যান। বিভাগের অধ্যাপক শ্রীপ্রদীপকুমার মুখোপাধ্যায় বারাণসীতে আয়োজিত ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দি স্টাডি অফ পপুলেশন কনফারেন্সে যোগ দেন এবং একটি নিবন্ধ পেশ করেন। নিবন্ধটির নামঃ Tribal Demography of Bihar

বিভাগের আর একজন অধ্যাপক শ্রীজয়দেবকুমার কোলে এ বছর বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি ডিগ্রী লাভ করেছেন। তিনি গবেষণা করেছিলেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ডঃ এম আর চৌধুরীর অধীনে। তাঁর গবেষণার বিষয় ছিল হুগলী জেলার কৃষিকার্য। বিষয়টি অর্থনৈতিক ভূগোলের অন্তর্গত।

**রসায়ন বিভাগ**

১৯৮৫ সালের বি এস-সি পরীক্ষায় সাতজন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়। ১৯৮৫ সালের এম এস-সি পরীক্ষায় একজন ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়।

বর্তমানে কলেজে বিভিন্ন অধ্যাপকের পরিচালনায় আটজন গবেষক-গবেষিকা গবেষণায় রত আছেন। এ বছর পি-এইচ ডি উপাধির জন্য গবেষণাপত্র জমা দিয়েছেন একজন এবং তিনজন পি-এইচ ডি উপাধি লাভ করেছেন। অধ্যাপক-অধ্যাপিকা ও গবেষক-গবেষিকাদের প্রকাশিত প্রবন্ধ ও পুস্তকাদির তালিকা আলাদাভাবে দেওয়া হ'ল।

উৎসাহ ও অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে প্রেসিডেন্সী কলেজের অ্যালাম্নি অ্যাসোসিয়েশনের সহযোগিতায় ২৯শে সেপ্টেম্বর, ১৯৮৬ আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের ১২৫তম জন্মদিবস পালিত হয়। ওই উপলক্ষে একটি স্মরণসভা অনুষ্ঠিত হয়। ওই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক নির্মলেন্দু রায়। অধ্যাপক মিহির চৌধুরী প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে অধ্যাপক পীযূষকান্তি দাস, অধ্যক্ষ অশোক চৌধুরী ও অধ্যাপক ডঃ প্রশান্তকুমার দাশগুপ্ত তাঁদের ভাষণ দেন। ঐদিন প্রফুল্লচন্দ্রের স্মরণে দেওয়ালপত্রিকা 'কিমিয়া'-র একটি নতুন সংখ্যাও প্রকাশিত হয়।

অধ্যাপক পীযূষ দাস ও শ্রীমধুসূদন দে-র তত্ত্বাবধানে স্নাতক শ্রেণীর পঁয়ত্রিশজন ছাত্রছাত্রী শিক্ষামূলক ভ্রমণে পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে যান। গ্যাসপ্ল্যান্ট চালকের পদে যোগদান করেছেন শ্রীহরিনারায়ণ পাল।

এ বছরেও এই বিভাগের তরফ থেকে নিয়মিত সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে কলেজের ছাত্র, অধ্যাপক এবং বহিরাগত বিশিষ্ট অধ্যাপক ও বৈজ্ঞানিক অংশগ্রহণ করেন। এদের মধ্যে ছিলেন ডঃ সত্যেশচন্দ্র পাকড়াশী (অধিকর্তা, আই আই সি বি), অধ্যাপক ধনঞ্জয় নসীপুরী (আই আই সি বি), অধ্যাপক বিদ্যেন্দুমোহন দেব (পাঞ্জাব বিশ্ববিদ্যালয়, চণ্ডীগড়), ডঃ সিদ্ধার্থ রায় (বোস ইনস্টিটিউট) এবং ডঃ অমিত বসাক (প্রেসিডেন্সী কলেজ)।

গত মার্চ মাসে অধ্যাপক পরিমল সেন ও ডঃ রঞ্জিত দে এন সি ই আর টি-র রসায়ন বিভাগ আয়োজিত ওয়ার্কশপে যোগ দেন। ডঃ সেন এখন বিভাগীয় প্রধানের পদে নিযুক্ত।

নরওয়ে থেকে আগত পার্লামেন্টারী প্রতিনিধিদল কলেজের বিভিন্ন বিভাগ পরিদর্শন করে রসায়ন বিভাগে এলে বিভাগের ছাত্র, শিক্ষক, ও গবেষকদের সঙ্গে কথাবার্তা বলেন। পরে কলেজের অধ্যক্ষ ও বিভাগের শিক্ষকদের সঙ্গে তাঁরা চায়ের আসরে মিলিত হন। রসায়ন বিভাগকে তাঁরা একটি স্মৃতিফলকও উপহান দেন।

## ভূ-তত্ত্ব বিভাগ

বিভাগটি বরাবরের মত এবারও ক্ষেত্রসমীক্ষণ, পঠনপাঠন ও নানা বিষয়ের গবেষণায় নিয়োজিত থেকে তার উৎকর্ষের মানটি তুলেই রেখেছে। বিভাগে অধ্যাপকগণ ছাড়া সতেরো জন জুনিয়র ও একজন সিনিয়র রিসার্চ ফেলো, একজন রিসার্চ অ্যাসোসিয়েট ও দুজন রিসার্চ কেমিষ্ট রয়েছেন।

১৯৮৫-র বি এস-সি পার্ট টু পরীক্ষায় আঠারোজন পরীক্ষার্থীর মধ্যে বারোজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৪-র এম এস-সি পরীক্ষায় চারজন পরীক্ষার্থীই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

ক্ষেত্রসমীক্ষণ ও ক্ষেত্রে শিক্ষণের উদ্দেশ্যে এবার ছাত্রদের নিয়ে যাওয়া হয়েছিল পশ্চিমবঙ্গ উড়িষ্যা মধ্যপ্রদেশের বিভিন্ন স্থানে। এম এস-সি-র ছাত্ররা তাদের থিসিস পেপারের জন্য নিজেদের উদ্‌যোগে ভারতের ভিন্ন ভিন্ন স্থানে গিয়েছিল।

COSIST ও S A P (D S A) প্রকল্পে মঞ্জুরীকৃত অর্থে বিভাগের যথেষ্ট উন্নতি হয়েছে। বহুমুখীবিদ্যার পাঠক্রমে বিভাগের অধিকাঠামো নির্মাণে শিক্ষণ ও গবেষণার মানোন্নয়নের জন্য নির্মিত এই প্রকল্প থেকে জটিল ও সংবেদনশীল যন্ত্রপাতিবহুল ভূ-কালক্রম নির্ধারক ও আইসোটোপ ভূ-তত্ত্ব বিষয়ক ল্যাবরেটরী গড়ে তোলা হচ্ছে। কেনা হয়েছে Thermal Ionization Mass Spectrometer নামক যন্ত্র।

D S A প্রকল্প অনুযায়ীও ভারতের কয়েকটি নির্বাচিত স্থানে ভূ-ত্বকের বিবর্তন ও ধাতুসরভবন সম্পর্কিত গবেষণা চলছে। সেজন্য প্রয়োজনীয় Micro-Computer, Stereo, zoom transferscope, rock-cutter ইত্যাদি সংগ্রহ করা হয়েছে।

এবছর বিভাগের সেমিনার ও বিশিষ্ট অতিথিদের বিবরণ বিবিধ গবেষণা প্রকল্প ও প্রকাশিত গবেষণানিবন্ধের তালিকা পরিশিষ্টে দেওয়া হল।

The Indian Journal of Earth Sciences নামক বিভাগীয় জার্নালের ত্রয়োদশবর্ষ পূর্তি হল। তিনটি সংখ্যা এ পর্যন্ত প্রকাশিত হয়েছে। এর প্রশংসনীয় উৎকর্ষের মানও অক্ষুন্ন রয়েছে। বিভাগে আয়োজিত সেমিনারে বিজ্ঞান ও কারিগরী মন্ত্রণালয়ের সাহায্য পাওয়া গেছে। এছাড়া অন্যান্য বহু সরকারী প্রতিষ্ঠানের ও সংগঠনের সহায়তা তো আছেই। সেমিনারের প্রবন্ধগুলি জার্নালের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যায় প্রকাশিত হয়েছে।

জিওলজিকাল ইনস্টিটিউট নামে বিভাগের ছাত্রদের প্রতিষ্ঠানটি বিজ্ঞান বিষয়ক প্রশ্নোত্তরের আসর ও সেমিনার বক্তৃতার আয়োজন করেছিল। 'ভূ-বিদ্যা' পত্রিকার সংখ্যা ৪৩ (১৯৮৬) যন্ত্রস্থ।

বিভাগে আসেন সোভিয়েট রাশিয়ার ইউক্রেনিয়ান আকাদেমি অফ সায়েন্সের ডঃ ওয়াই। বেলেৎসভেড ও কে এসিপচুক ; নিউইউর্ক (বাফেলো)-এর স্টেট ইউনিভার্সিটির পল রিটান, কানাডার অ্যালবার্টা ইউনিভার্সিটির সেন্ট জে ল্যাম্বার্ট ও আমেরিকার রচেস্টার ইউনিভার্সিটির ডঃ এ আর বসু। বিশদ বিবরণ পরিশিষ্টে রয়েছে।

বিভাগের প্রধান ডঃ প্রদীপকুমার গঙ্গোপাধ্যায় এ বছরও দেরাদুনের ওয়াদিয়া ইনস্টিটিউট অফ হিমালয়ান জিওলজীর কাজ পরিদর্শনের জন্য ভারত সরকার যে কমিটি তৈরি করেছেন তার সদস্য হিসাবে রয়েছেন। এ বছরও তিনি ইন্ডিয়ান জার্নাল অফ আর্থ সায়েন্সের সম্পাদনায় নিযুক্ত রয়েছেন।

বিভাগের অধ্যাপক ডঃ অজিতকুমার সাহাও ম্যাথেমেটিকাল জিওলজী নামক আন্তর্জাতিক জার্ণালের সম্পাদকমণ্ডলীর সদস্য হিসাবে আছেন। তিনি সেন্টার ফর স্টাডি অফ ম্যান অ্যান্ড এনভায়রণমেন্ট নামক আন্তর্বিদ্যাবিষয়ক গবেষণা সংস্থার অবৈতনিক সম্পাদক। ইন্ডিয়ান ন্যাশন্যাল কমিটি ফর ইন্টারন্যাশনাল জিওলজীকাল কো-রিলেশন প্রোগ্রামের সদস্য তিনি। এছাড়া

COSIST প্রকল্পের ইউ জি সি স্ট্যান্ডিং কমিটির সি এস আই আর-এর আর্থ সায়েন্সেস ও মাইনিং সংক্রান্ত রিসার্চ কমিটির, হায়দারাবাদের এন জি আর আই-এর গবেষণা-উপদেষ্টা কমিটির সদস্যও তিনি। ইন্ডিয়ান ন্যাশনাল কমিটি অন ইন্টার-ইউনিয়ন কমিশন অন লিথোস্ফীয়রের (আই সি এল-এর) এবং ইন্ডিয়া সোসাইটি অফ আর্থ সায়েনসেসের চেয়ারম্যান-রূপেও তিনি আছেন।

বিভাগের অধ্যাপক শ্রীগৌরীশঙ্কর ঘটক এ বছর ইউনেসকোর (ম্যান অ্যান্ড বায়োস্ফীয়র) আমন্ত্রণে আই এন এস এ-র আন্তর্জাতিক প্রকল্পে আসামের জাটিঙ্গায় যান সেখানে জুলাইয়ের একটি নির্দিষ্ট সময়ে দলে দলে পাখিদের আত্মহনন করতে দেখা যায়। এই ব্যাপারটি চিরকালই বৈজ্ঞানিকদের আকৃষ্ট করেছে আর এর কারণ অন্বেষণে তাঁরা চেষ্টা করে চলেছেন।

ডঃ প্রদীপকুমার দাশগুপ্ত ১৯৮৬তে ক্যানবেরায় আহূত দ্বাদশ সেডিমেনটোলজিকাল কংগ্রেসে আমন্ত্রিত হয়ে অনুরুদ্ধ নিবন্ধ পাঠ করেন। আই ইউ জি এস (ডি এস পি)-র ইন্টারকন্টিনেন্টাল বেসিন অ্যানালিসিস প্রকল্পের ১৯৮৬-১৯৯০ কালপর্বের জন্য জাতীয় প্রতিনিধিরূপে নির্বাচিত হয়েছেন।

শ্রীমলয়ভূষণ চক্রবর্তী ও শ্রীপ্রদ্যোৎকুমার বন্দ্যোপাধ্যায় ধানবাদস্থিত ইন্ডিয়ান স্কুল অফ মাইনসের প্রি-কামব্রিয়ান অফ দি ইস্টার্ন ইন্ডিয়ান শীলড বিষয়ক আলোচনাচক্রে যোগ দিয়েছিলেন।

## রাশিবিজ্ঞান বিভাগ

রাশিবিজ্ঞান বিভাগ পুনর্মিলন উৎসব কমিটি (১৯৭৪) প্রদত্ত ৩,০০০ টাকার অনুদান থেকে গঠিত অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহলানবিশ স্মৃতি তহবিলের সুদের টাকা থেকে প্রতি বছর সাম্মানিক রাশিবিজ্ঞান নিয়ে উত্তীর্ণ কলেজের সর্বোচ্চ মানপ্রাপ্ত দুজন ছাত্র/ছাত্রীকে 'অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহলানবিশ স্মৃতি' পুরস্কার দেওয়ার ব্যবস্থা হয়েছে। প্রতিটির অর্থমূল্য ১৫০ টাকা। একটি পার্ট ওয়ান এবং অন্যটি পার্ট ওয়ান ও পার্ট টু কম্বাইন্ড পরীক্ষার ফলাফলের ভিত্তিতে দেওয়া হয়। এ বছর শ্রীমান বাণীকুমার মৌলিক পার্ট ওয়ানে সর্বোচ্চ মানের অধিকারী হওয়ার জন্য ও শ্রীমতী অপর্ণা রায়চৌধুরী পার্ট ওয়ান ও টু-র সম্মিলিত ফলের ভিত্তিতে এই পুরস্কার লাভ করেছে।

১৯৮৫ সালের পার্ট টু পরীক্ষায় পনর জনের মধ্যে সাত জন প্রথম শ্রেণী পেয়েছেন।

আলোচ্য বছরে বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা শ্রীশৈবাল চট্টোপাধ্যায় ও শ্রীতুষারকান্তি ঘড়ার নেতৃত্বে হাজারিবাগ এবং তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা শ্রীতুষারকান্তি ঘড়ার নেতৃত্বে আই এস আই গিরিডিতে শিক্ষামূলক ভ্রমণে অংশ নেন।

আলোচ্য বছরে বিভাগের শিক্ষকগণ ফেব্রুয়ারি মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত Operations Research : Its Interfaces with Statistics শীর্ষক ইউ জি সি সেমিনারে অংশ নিন।

বিভাগের শ্রীশৈবাল চট্টোপাধ্যায় ২৬শে মে থেকে ৯ই জুন সিমলায় ইন্ডিয়ান স্ট্যাটিস্টিকাল ইন্সটিটিউট আয়োজিত 'Unified Approach in Sample Surveys' —এই বিষয়ের ওপর Summer School-এ অংশগ্রহণ করেন।

বিভাগের ডঃ বিশ্বনাথ দাস ২৯শে নভেম্বর হলদিয়ায় হিন্দুস্তান ফার্টিল্যাইজার কর্পোরেশন আয়োজিত Quality Improvement for Better Capacity Utilisation সংক্রান্ত কর্মশালায় অতিথি বক্তা হিসাবে যোগ দিয়ে একটি আলোচনাচক্র পরিচালনা করেন।

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগ**

বিভাগের পরীক্ষার ফল সন্তোষজনক। বিভাগের ষোলজন পরীক্ষার্থীর মধ্যে চার জন প্রথম শ্রেণীতে ও বারো জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বিভাগে অনেকগুলি সেমিনার বক্তৃতার আয়োজন করা হয়েছিল। বিবরণ পরিশিষ্টে পাওয়া যাবে।

বিভাগীয় প্রধান ডঃ অমলকুমার মুখোপাধ্যায়ের সম্পাদনায় সমাজ বিজ্ঞানের ত্রৈমাসিক ইংরেজী পত্রিকা Socialist Perspective চতুর্দশ বর্ষে পদার্পণ করল। ডঃ মুখোপাধ্যায়ের অধীনে গবেষণা করে চার জন গবেষক কলকাতা বিশ্ববিদ্যালয়ে তাঁদের পি এইচ ডি গবেষণাপত্র জমা দিয়েছেন। তিনি কলকাতার Administrative Training Institute-এ IAS, WBCS ও WBJS পর্যায়ের অফিসারদের প্রশিক্ষণ দেন।

বিভাগের অধ্যাপক ডঃ প্রশান্ত রায় Netaji Institute for Asian Studies আয়োজিত সেমিনারে যোগ দিয়েছিলেন।

বিভাগের পরলোকগত প্রাক্তন অধ্যাপক নির্মলকান্তি মজুমদারের স্মরণে শোকসভার আয়োজন করা হয়েছিল। বিভাগের কল্যাণার্থে তাঁর দানের কথা সভায় স্মরণ করা হয়।

**শারীরবিদ্যা বিভাগ**

বি এস-সি পার্ট টু পরীক্ষায় এই বিভাগের নয় জন ছাত্রছাত্রী এবং পার্ট ওয়ান পরীক্ষায় এই বিভাগের পাঁচ জন ছাত্রছাত্রী অনার্সে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ঐ দুই পরীক্ষায় যথাক্রমে এই বিভাগের শ্রীঅঞ্জন গুহঠাকুরতা এবং শ্রীঅতনু বসু কলকাতা বিশ্ববিদ্যালয়ের সকল শারীরবিদ্যা অনার্স পরীক্ষার্থীদের মধ্যে প্রথম স্থান লাভ করেছে। এম এস-সি পার্ট টু পরীক্ষায় এ বছর এই বিভাগের চার জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগের প্রধান অধ্যাপকের পদটি দীর্ঘকাল শূন্য রয়েছে। বিভাগের স্টোরকিপারের শূন্য পদে শ্রীনির্বাণচন্দ্র পাইন নিযুক্ত হয়েছেন। বিভাগের অনাতম চতুর্থ শ্রেনীর কর্মিরূপে যোগ দিয়েছেন শ্রীশ্যামলকান্তি সিংহ।

বিভাগের সেমিনার গ্রন্থাগার ও পাঠকক্ষের কাজ এ বছর নিয়মিতভাবে পরিচালিত হয়েছে। কোনও গ্রন্থাগারিক না থাকা সত্ত্বেও যথাসাধ্য সুষ্ঠুভাবে এ কাজ নির্বাহ করতে বিভাগীয় ছাত্রছাত্রী ও অধ্যাপকেরা চেষ্টা করেছেন।

এ বছর বিভাগের ছাত্রছাত্রীরা বিভাগীয় অধ্যাপকদের নেতৃত্বে সেপ্টেম্বর মাসে ম্যাসাঞ্জোর এলাকায় শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিলেন। ডিসেম্বর মাসের শেষে বিভাগের স্নাতকোত্তর ছাত্র-ছাত্রীরা কর্ণাটক ও গুজরাটের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও গবেষণাকেন্দ্রে শিক্ষামূলক ভ্রমণে গিয়েছেন।

বিভাগীয় প্রধান ডঃ হরিপদ চট্টোপাধ্যায় ১৩-১৪ই জানুয়ারি তারিখে 'পুষ্টি ও হর্মোন' সম্বন্ধে কাটোয়া কলেজে অনুষ্ঠিত ইউ জি সি সেমিনারে এবং ১৭-১৯শে অক্টোবর তারিখে হায়দ্রাবাদে অনুষ্ঠিত 'শিল্প নগরের অধিবাসীদের সামাজিক সমস্যা' সম্বন্ধে সেমিনারে দুটি মৌলিক গবেষণাপত্র পাঠ করেন। বিভাগের অধ্যাপক শ্রীদেবজ্যোতি দাশ ১৫-২৪শে সেপ্টেম্বর তারিখে মহীশুরে NCERT কর্তৃক আয়োজিত 'Integrated Science Syllabus' সম্বন্ধে একটি কর্মশালায় বিশেষজ্ঞ (Resource Person) -রূপে অংশগ্রহণ করেছেন ; অধ্যাপক দাশ জাতীয় পর্যায়ে জীববিদ্যার একটি পাঠ্যপুস্তকের লেখক মণ্ডলীতে NCERT কর্তৃক মনোনীত হয়েছেন। বিভাগের অন্যতম শিক্ষক শ্রীপৃথীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এ বছর তাঁর মৌলিক গবেষণার কাজ সুসম্পন্ন করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পি এইচ-ডি উপাধির জন্য তাঁর থিসিস্ জমা দিয়েছেন।

বিভাগে আয়োজিত সেমিনারে ৫ই এপ্রিল Indian Institute of Chemical Biology-র উপ-নির্দেশক ডঃ অশোকগোপাল দত্ত 'Extrathyroidal Peroxidase' বিষয়ে, ১২ই এপ্রিল বিভাগেরই ছাত্র শ্রীমনোরঞ্জন পাত্র, শ্রীজয়দীপ গুপ্ত ও শ্রীঅতনু বসু 'High Altitude Physiology' বিষয়ে, ১৪ই নভেম্বর শিকাগোর Invitro Fertilization Laboratory-র নির্দেশক ডঃ রিতা বসু রায় 'Human Invitro Fertilization' সম্বন্ধে, ২১শে নভেম্বর মেদিনীপুর কলেজের অধ্যাপক ডঃ সমরেশ চৌধুরী 'Immunological aspects of Cancer' সম্বন্ধে এবং ১৯শে ডিসেম্বর Duke University Medical Centre -এর বিজ্ঞানী ডঃ শান্তিপ্রসাদ চট্টোপাধ্যায় 'Mechanism of Insulin action' সম্বন্ধে গবেষণামূলক বক্তৃতা দিয়েছেন।

বিভাগের ছাত্রছাত্রীরা নিয়মিতভাবে 'প্রাচীরিকা' নামে একটি দেওয়ালপত্রিকা প্রকাশ করে আসছেন।

বিভাগে ভাষণকক্ষ, প্রয়োগশালা ও গবেষণাগারে তীব্র স্থানাভাব, সিলেবাস-নির্দিষ্ট শিক্ষা-মূলক ভ্রমণের জন্য অর্থবরাদ্দের অপ্রতুলতা, প্রয়োগশালাগুলিতে প্রায়ই বিদ্যুৎ ও জল সরবরাহের অভাব প্রভৃতি কারণে স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা অত্যন্ত ব্যাহত হয়ে চলেছে, গবেষণার কাজেও বাধার সৃষ্টি হচ্ছে।

## হিন্দী বিভাগ

বিভাগ তার সাম্মানিক পঠনপাঠনের পঞ্চম বর্ষে পদার্পণ করল। বিভাগের শতকরা একশো-জন পরীক্ষার্থীই কৃতিত্বের সঙ্গে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। কয়েকজন পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের সেরা ফল করেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের এম এ ক্লাশের প্রবেশিকা পরীক্ষায় তারা প্রথম থেকে অষ্টম স্থানাধিকার করে তাদের কৃতিত্ব প্রকাশ করেছে। এই অল্প সময়ের মধ্যে তাদের এই কৃতিত্ব বিভাগের উন্নত মানেরই সূচনা করে।

হিন্দী বিভাগ তার পঠনপাঠন ছাড়াও সেমিনার পত্রিকা প্রকাশ ও সহ-পাঠ্যক্রম কার্যসূচীর মধ্য দিয়েও তার উৎকর্ষের আদর্শ তুলে ধরছে।

সাম্মানিক শ্রেণীর ছাত্রছাত্রীরাই সেমিনার লাইব্রেরী গড়ে তুলেছে। বিভাগ থেকে সাহিত্য ও ভাষাতত্ত্ব বিষয়ক সেমিনারের আয়োজন করা চলছে। ভারতের প্রথম রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ, যিনি প্রেসিডেন্সি কলেজেরই প্রাক্তন ছাত্র ছিলেন তাঁর শতবার্ষিক উৎসব পালন করা হয়েছে এবং এই উপলক্ষে দেওয়াল পত্রিকার একটি সংস্করণও প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রেরিত পরিদর্শকদল বিভাগে এসে সাম্মানিক পাঠ্যক্রম মঞ্জুর করার জন্য অনুসন্ধান ক'রে গেছেন। এই পরিদর্শক দলের বিশেষজ্ঞ কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর হিন্দী বিভাগের রিডার ডঃ প্রবোধনারায়ণ সিং বিভাগের ভূয়সী প্রশংসা ক'রে গেছেন।

বিভাগীয় প্রধান শ্রীসদানন্দ সিং-এর অধীনে দুটি ছাত্র গবেষণা কার্যের জন্য রেজিস্ট্রেশন করার অনুমতি পেয়েছে।

বিভাগের অধ্যাপক ডঃ সুব্রত লাহিড়ীর ডক্টরেটের থিসিস প্রকাশিত হয়েছে।

বিভাগের দেওয়ালপত্রিকা 'দেশরত্ন' একে একে প্রয়াত আচার্য রামচন্দ্র শুক্ল, ভারতেন্দু হরিশচন্দ্র ও রাষ্ট্রকবি মৈথিলশরণ গুপ্তের শতবার্ষিকী সংখ্যা প্রকাশ করেছে।

## প্রেসিডেন্সি কলেজ কর্মী সাংস্কৃতিক সংস্থা

কলেজের সকল শ্রেণীর কর্মীর এবং তাঁদের সন্তানসন্ততির মধ্যে আবৃত্তি, গল্প, প্রবন্ধ, কবিতারচনা ও গান গাইবার একটা আয়োজন করা গিয়েছিল। সব ব্যাপারটাই ছিল প্রতিযোগিতামূলক। আসলে এই একটি সংস্থাই সব শ্রেণীর কর্মীকে একটা সুস্থ বিদ্বেষমুক্ত আবহাওয়ায় নিয়ে আসে।

সংস্থার পক্ষ থেকে এবার একটা প্রীতিমূলক ফুটবল খেলার ব্যবস্থা হয়েছিল। একপক্ষে চতুর্থ শ্রেণীর কর্মচারী অন্যপক্ষে বাকি সব শ্রেণীর কর্মচারী। খেলাটি প্রভূত আনন্দ জুগিয়েছিল সবার মনে।

বার্ষিক উৎসবও পালন করল সংস্থাটি। সেদিন প্রতিযোগিতায় সফলকাম যারা তারা পুরস্কার পেল। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান হ'ল। সবশেষে হ'ল একটি চলচ্চিত্র প্রদর্শনী। চলচ্চিত্রটির নাম 'পথের পাঁচালী'।

## কলেজ অফিসের খবর

অফিসের পুরানো স্টাফদের অনেকেই বদলি হয়ে যাচ্ছেন আবার নতুনও অনেকে এসেছেন। গত বছর টাইপিস্ট অনামিকুমার সেনের পদোন্নতি হয়ে বদলি হয়ে যাওয়ায় যে পদ শূন্য হয়েছিল সেই পদে যোগ দিয়েছেন শ্রীসমীরকুমার ঘোষ। বদলির আদেশ পেয়েছেন অ্যাকাউন্ট্যান্ট শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য, তিনি যাচ্ছেন সংস্কৃত শিক্ষা পরিষদে। কলেজের অন্যতম ইউ ডি অ্যাসিস্ট্যান্ট শ্রীহরিপদ দে-র বদলির আদেশ এসেছে, তিনি পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডে যোগ দেবেন। দুজনেরই প্রধান সহায়ক পদে পদোন্নতি হয়েছে। ক্যাশ সরকার শ্রীআলি হোসেন ১৯৮২ সালের ২৮এ সেপ্টেম্বর পরলোকগমন করলে তাঁর শূন্যপদ এখনও শূন্যই রয়ে গেছে।

---

এই প্রতিবেদন লিখবার সময় খবর এল ভূগোল বিভাগের কর্মচারী নন্দদুলাল দাস ১১ই জানুয়ারি, ১৯৮৭ তারিখে হঠাৎ পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল মাত্র ৪০ বছর।

# পরিশিষ্ট ১

## এক নজরে বিভিন্ন বিভাগের ফল

## ১৯৮৬ সালে প্রকাশিত ১৯৮৫ সালের পার্ট টু পরীক্ষার ফলাফল

বি এ

| বিষয় | | পরীক্ষার্থীর সংখ্যা | প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | মোট উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | অকৃতকার্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। ইংরেজী | .. | ১৭ | ৯ | ৮ | ১৭ | |
| ২। ইতিহাস | .. | ২২ | ৬ | ১৬ | ২২ | |
| ৩। দর্শন | .. | ১৬ | ৫ | ১১ | ১৬ | |
| ৪। বাংলা | .. | ১৮ | | ১৮ | ১৮ | |
| ৫। রাষ্ট্রবিজ্ঞান | .. | ১৬ | ৪ | ১২ | ১৬ | |
| ৬। হিন্দী | .. | | | | | |
| মোট | .. | ৮৯ | ২৪ | ৬৫ | ৮৯ | |

মোট ছাত্রসংখ্যা ১০৪ ; নির্বাচিত ছাত্রসংখ্যা ৯০ ; পরীক্ষায় বসেছিল ৮৯ জন ও উত্তীর্ণ ছাত্রসংখ্যা ৮৯ ; শতকরা পাশের হার ১০০।

বি এস-সি

| বিষয় | | পরীক্ষার্থী সংখ্যা | প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | মোট উত্তীর্ণ ছাত্রছাত্রী সংখ্যা | অকৃতকার্য ছাত্রছাত্রী সংখ্যা | অনুপস্থিতি সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। অর্থনীতি | .. | ২৫ | ৭ | ১৮ | ২৫ | | |
| ২। উদ্ভিদবিদ্যা | .. | ১৪ | ৪ | ১০ | ১৪ | | |
| ৩। গণিত | .. | ১৫ | ৭ | ৪ | ১১ | ৪ | ১ (অকৃতকার্য ছাত্রের মধ্যে অন্তর্ভুক্ত) |
| ৪। পদার্থবিদ্যা | .. | ২৭ | ২২ | ৫ | ২৭ | | |
| ৫। প্রাণিবিদ্যা | .. | ৮ | ১ | ৭ | ৮ | | |
| ৬। ভূগোল | .. | ১২ | ৩ | ৯ | ১২ | | |
| ৭। ভূতত্ত্ব | .. | ১৮ | ১২ | ৬ | ১৮ | | |
| ৮। রসায়ন | .. | ১৮ | ৭ | ১০ | ১৭ | ১ | |
| ৯। রাশিবিজ্ঞান | .. | ১৫ | ৭ | ৮ | ১৫ | | |
